উল্লাপাড়া উপজেলা পরিষদের জুলাই/২০১৭ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ এ্যাড. মারুফ বিন হাবিব
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ঃ ১৩/০৭/২০১৭ খ্রিঃ সময়ঃ সকাল- ১১.০০ টা

উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং উপস্থিত উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানগনের তালিকা পরিশিষ্ট "খ"তে উল্লেখ করা হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	গত সভার কার্যবিবরণী অনুমোদন	কোন সংশোধনী ছাড়াই গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	সংশ্লিষ্ট বিভাগ ও কমিটি
০২	গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন রয়েছে।	সংশ্লিষ্ট বিভাগ ও কমিটি
০৩	**এলজিইডি ঃ** ১। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর আবাসিক ভবন (টগর) এর থাই গ্লাসের কাজ করণের জন্য ৩৬,১৩৪/- টাকা অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন। ২। হাট বাজার ১০% খাতের অর্থ থেকে মোহনপুর হাটে হাজী আব্দুল মান্নানের দোকান হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত সিসি রাস্তা নির্মান কাজের জায়গার সমস্যা থাকায় উক্ত প্রকল্পের পরিবর্তে উক্ত হাটের মাছ বাজারে ড্রেনের কাজ বিশেষ জরুরী হওয়ায় অনুমোদিত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যেই ড্রেনের কাজ করা যেতে পারে।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত কাজে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩৬,১৩৪/- (ছত্রিশ হাজার এক শত চৌত্রিশ) টাকা বরাদ্দের সিদ্ধান্ত গৃহিত হয়। ২। হাট বাজার ১০% খাতের অর্থ থেকে মোহনপুর হাটে হাজী আব্দুল মান্নানের দোকান হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত সিসি রাস্তা নির্মান কাজের জায়গার সমস্যা থাকায় উক্ত প্রকল্পের পরিবর্তে উক্ত হাটের মাছ বাজারে ড্রেনের কাজ পূর্বানুমোদিত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যেই ড্রেনের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া, সিরাজগঞ্জ। উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
০৪	**উপজেলা সমাজসেবা কর্মকর্তা ঃ** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা গ্রহীতাদের নামের তালিকা ইউনিয়ন কমিটির নিকট হতে পাওয়া গিয়াছে। যা চুড়ান্ত অনুমোদন করার জন্য ০৮/০৫/২০১৭ খ্রিঃ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি জানান কয়ড়া ইউনিয়নের অনুকুলে অধিদপ্তর হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। এমতাবস্থায়, কয়ড়া ইউনিয়নের অনুকুলে ভাতা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। উক্ত সভায় পূর্নিমাগাতী ইউনিয়ন ও দুর্গানগর ইউনিয়ন হতে কিছু ভাতা গ্রহীতার নাম কর্তন করে তদস্থলে কয়ড়া ইউনিয়নের ভাতা গ্রহীতার নাম চুড়ান্ত করা যেতে পারে মর্মে তিনি জানান।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সরকারী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দুর্গানগর এবং পূর্নিমাগাতী ইউনিয়নের বরাদ্দ হতে আংশিক ভাতা কর্তন করে কয়ড়া ইউনিয়নের উপকার ভোগীদের মধ্যে ভাতা প্রদান করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা/চেয়ারম্যান দুর্গানগর/পূর্নিমাগাতী ও কয়ড়া।
০৫	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটিঃ** (ক) নিম্ন বর্ণিত ১৫ (পনের)টি কমিউনিটি ক্লিনিকে কাটাতারের নিরাপত্তা বাউন্ডারী নির্মাণ প্রয়োজন। ১। ফাজিলনগর সিসি, উধুনিয়া ইউনিয়ন। ২। পাইকপাড়া সিসি, দুর্গানগর ইউনিয়ন।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ২০১৭-২০১৮ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প দাখিলের জন্য উপজেলা	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

	৩। কানসোনা জনতার হাট সিসি, সলপ ইউনিয়ন। ৪। চড়িয়া শিকার সিসি, হাটিকুমরুল ইউনিয়ন। ৫। রশিদপুর সিসি, হাটিকুরুল ইউনিয়ন। ৬। চড়ুইমুড়ী সিসি, পূর্ণিমাগাতী ইউনিয়ন। ৭। বামনঘিয়ালা সিসি, পূর্নিমাগাতী ইউনিয়ন। ৮। দহকুলা সিসি, মোহনপুর ইউনিয়ন। ৯। চড়বেড়া সিসি, সলঙ্গা ইউনিয়ন ১০। তেঁতুলিয়া সিসি, বড়হর ইউনিয়ন। ১১। বালিয়াদিঘি সিসি, বাঙ্গালা ইউনিয়ন। ১২। নন্দকুশা সিসি, রামকৃষ্ণপুর ইউনিয়ন। ১৩। পংরৌহা সিসি, উল্লাপাড়া ইউনিয়ন। ১৪। শুকুলহাট সিসি, বড়পাঙ্গাসী ইউনিয়ন। ১৫। পঞ্চক্রোশী সিসি, পঞ্চক্রোশী ইউনিয়ন। (খ) ০৫ (পাঁচ)টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে কাটাতারের নিরাপত্তা বাউন্ডারী নির্মাণ প্রসঙ্গে।	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	
০৬	**মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন গত ১০/০৭/২০১৭ খ্রিঃ তারিখে প্রতিটি ইউনিয়নে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী বহি প্রত্যেক ক্লাবে দুটি করে বই দেওয়া হয়েছে। ২। ১৩ টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাবে পিয়ার লিডারদের এপ্রিল/ ২০১৭ হতে জুন/২০১৭ পর্যন্ত ২০০/- (দুই শত) টাকা হারে ২৬ জনকে ১৫,৬০০/- (পনর হাজার ছয় শত) টাকা ভাতা দেওয়া হয়েছে। ৩। ১৩ (তের)টি ইউনিয়নে ১৩ জন তত্বাবধায়কদের এপ্রিল/১৭ হতে জুন/১৭ পর্যন্ত ৭৮,০০০/- (আটাত্তর হাজার) টাকা বিতরণ করা হয়েছে।	১। সভায় আলাচনার পর জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী বহি প্রত্যেক ইউনিয়ন পরিষদে সংরক্ষণ করার জন্য ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করা হয়। -- --	ইউপি চেয়ারম্যান সকল, উল্লাপাড়া
০৭	**মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ঃ** ১। ২,৫৯৮ টি ভিজিডি উপকারভোগীদের জুন মাসের চাল বিতরণ ও মে/জুন মাসের সঞ্চয় ১১,৬৬,২৩০/- (এগার লক্ষ ছিয়াষট্টি হাজার দুই শত ত্রিশ) টাকা উত্তোলন করা হয়েছে। আগামী ১৬-১৭ জুলাই/২০১৭ খ্রিঃ তৃনমুল মানবিক উন্নয়ন সংস্থা তাদের সকল প্রশিক্ষকদের নিয়ে প্রশিক্ষণ প্রদান করবেন। ২। ১০৮ জন করে ১৪টি ইউনিয়নে ১,৫১২ জন মাতৃত্বকাল ভাতাভোগি জানুয়ারী/১৭-জুন/১৭ পর্যন্ত ৪৫,৩৬,০০০/- (পয়তাল্লিশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। জুলাই/১৬ - ডিসেম্বর/১৬ খ্রিঃ ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে। ৩। পৌরসভার ল্যাকটেটিং মাদার ৩৬০ জন উপকারভোগীকে ভাতা বিতরণ এবং ৩৬০ জন ভাতাভোগীকে হেল্থ ক্যাম্প করার নির্দেশনা পাওয়া গেছে। ৪। পূর্বে ১৩৯ জনকে ক্ষুদ্র ঋণ দেওয়া হয়। ঋণ গ্রহীতাদের থেকে জুন মাসে ২৫,৬৫০/- (পঁচিশ হাজার ছয় শত পঞ্চাশ) টাকা ঋণ উত্তোলন করা হয়েছে। সর্বমোট টাকার পরিমান ৯,৪৯,০৩৮/- (নয় লক্ষ উনপঞ্চাশ হাজার আটত্রিশ) টাকা এবং ব্যাংক স্থিতি ৪,৪৭,০৭০/- (চার লক্ষ সাতচল্লিশ হাজার সত্তর) টাকা অনুযায়ী ৪৫ জনকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করার প্রস্তুতি নেয়া হয়েছে।	১। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়, তৃনমুল মানবিক উন্নয়ন সংস্থা তাদের সকল প্রশিক্ষকদের নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। - ৩। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। ৪। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। খেলাপী ঋণ দ্রুত আদায়ের জন্য ঋণ গ্রহীতাগনকে তাগিদ দেওয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আনুরোধ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

২৪/৭/১৭

০৮	**উপ-সহকারী প্রকৌশলী জন স্বাস্থ্য ঃ** পিইডিপি-৩ প্রকল্পের আওতায় ১২টি ওয়াশ ব্লকের নির্মান কাজ চলমান রয়েছে।	১। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। পিইডিপি-৩ প্রকল্পের আওতায় ১২টি ওয়াশ ব্লকের নির্মান কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।	উপ-সহকারী প্রকৌশলী, জন স্বাস্থ্য, উল্লাপাড়া
	চেয়ারম্যান, সলঙ্গা ইউপিঃ তিনি পূর্ণিমাগাতী পরিষদের চেয়ারম্যান জনাব আলহাজ্ব খলিলুর রহমান সম্প্রতি মৃত্যুবরন করায় তার মৃত্যুতে তিনি দু:খ প্রকাশ করেন। তিনি বলেন তার ইউনিয়নে গোজা এলাকায় রাস্তার কাজ করতে হবে। হাটিকুমতরুল থেকে সলঙ্গা রোডের নিচের রাস্তায় মাছের আড়ৎ বসে এজন্য রাস্তার ক্ষতি ও দুর্ঘটনা বাড়ছে বলে জানান। তিনি মাছের আড়ৎ সরানোর ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান।	সভায় এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। রাস্তার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান এডিপির অর্থ বরাদ্দ পাওয়ার পর বর্ণিত রাস্তার কাজ করা হবে। খুব শীঘ্রই মাছের আড়ৎ সরানোর ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।	ইউপি চেয়ারম্যান সলঙ্গা
৯	**চেয়ারম্যান, কয়ড়া ইউপিঃ** তিনি সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, উল্লাপাড়া হতে মোহনপুর রাস্তার অবস্থা খুবই খারাপ। রাস্তাটি মেরামত করা প্রয়োজন। এছাড়াও তিনি কয়ড়া হতে রাজমান রাস্তার কয়েকটি পুকুরের পার্শ্বে রাস্তায় গর্ত সৃষ্টি হয়েছে বলেন জানান।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রাস্তাটি এলজিইডি নির্মান করেছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া
১০	**চেয়ারম্যান, বড়পাঙ্গাশী ইউপিঃ** তিনি সালাম জানিয়ে বলেন, তার ইউনিয়নে হাওড়া তহশীল অফিস থেকে গয়হাট্টা বাজার পর্যন্ত রাস্তা সংস্কার করা প্রয়োজন। এছাড়াও তার এলাকায় বিভিন্ন স্কুলে ছাত্র-ছাত্রীদের স্কুল ব্যাগ ও টিফিন বক্স দেওয়া হবে বলে জানান। তিনি সকলকে উপস্থিত থাকতে বলেন।		
১১	**চেয়ারম্যান, বাঙ্গালা ইউপিঃ** তিনি সকলকে সালাম জানান। তিনি জানান তার এলাকার কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নাই, শিক্ষক দিতে বলেন। প্রতাপ রাস্তার দুপাশের গাছ কাটার কথা বলেন। প্রতাপ হাটের অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে বলেন। ভিজিডি কার্ড বিতরণে ইউপি চেয়ারম্যানের মাধ্যমে তালিকা সংগ্রহের বিষয়টি নিশ্চিত করতে বলেন। মৎস অভয়ারণ্যে মাছ না মারার ব্যবস্থা নিতে মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করেন। তিনি আরও বলেন, বর্ষা মৌসুমে তার এলাকায় রাস্তা ভেঙ্গে গেছে। তিনি দ্রুত মেরামতের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ করেন।	এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। মাছ ধরা বন্ধ করার জন্য মাইকিং করতে উপজেলা মৎস্য কর্মকর্তাকে এবং রাস্তার গাছের নাম্বার ফেলতে উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া ও চেয়ারম্যান বাঙ্গালা
১২	**চেয়ারম্যান, দূর্গানগর ইউপিঃ** তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, তার ইউনিয়নের রাউতান ভাটবেড়া গ্রামে বন্যা পরিস্থিতির অবনতি হয়েছে। চরভাটবেড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পানিতে তলিয়ে গেছে। এছাড়া পাইকপাড়া ঢালুতে প্রতিদিন হাট বসে এই হাটকে সরকারি হাট-বাজারভুক্ত করে সরকারিভাবে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নের বেশিরভাগ রাস্তাঘাট বর্ষার কারণে ক্ষতিগ্রস্থ হয়ে ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে মেরামতের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।	এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। ২০১৭-২০১৮ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট কাজের এডিপি/ কাবিখা প্রকল্প দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। পাইকপাড়া মোড়ে হাট লাগানোর বিষয়ে ব্যক্তিমালিকানাধীন জায়গা হাটের নামে দানপত্র করার ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, দূর্গানগরকে অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান, দূর্গানগর ইউপি উল্লাপাড়া
১৩	**চেয়ারম্যান, বড়হর ইউপিঃ** তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, অদ্যকার সভা তাঁর ইউপি চেয়ারম্যান হিসেবে শেষ সভা। বিদায়ী সভায় তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান, এবং উপজেলা নির্বাহী অফিসারকে উপজেলা সম্মেলন কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত করণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি সরকারি বরাদ্দ প্রাপ্তির বিষয়ে উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা পরিষদ চেয়ারম্যান সম্মিলিতভাবে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনা ও পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।	এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর এ উপজেলার মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সংঙ্গে আলোচনা করে অধিক বরাদ্দ আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী

১৪	**পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ** ১। উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য জুলাই/২০১৭ মাসে সম্ভাব্য মোট= ৬০,০০০/- (ষাট হাজার) টাকাসহ বকেয়া আদায় ১,৮৯,০০০/- (এক লক্ষ উননব্বই হাজার) টাকা মোট ২,৪৯,০০০/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা রাজস্ব খাতে আয় হবে। ব্যয় হবে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা। উক্ত ব্যয় নির্বাহ করা প্রয়োজন।	১। উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য জুলাই/২০১৭ মাসে ৬০,০০০/- (ষাট হাজার) টাকাসহ বকেয়া ১,৮৯,০০০/- টাকাসহ মোট ২,৪৯,০০০/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা রাজস্ব খাতে সম্ভাব্য আয় হবে এবং সর্বমোট ব্যয় হবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা । উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিস
	২। ২০/০৬/২০১৭ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের জীপ গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় ৬,৫০০/- (ছয় হাজার পাঁচ শত) টাকা প্রয়োজন।	২। সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের জিপ গাড়ী রক্ষণাবেক্ষণ বাবদ ৬,৫০০/- (ছয় হাজার পাঁচ শত) টাকা ব্যয় যথাযথ হওয়ায় তা রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	২। হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিস
	৩। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের ও বাসভবনের ১০,৩৪৭/- টাকার টেলিফোন বিল পাওয়া গিয়াছে।	৩। সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের ১০,৩৪৭/- টাকার বিল যথাযথ হওয়ায় তা রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।	৩। হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিস
১৫	**বিবিধ ঃ** **উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা ঃ** তিনি জানান তার দপ্তরের কার্যক্রম ভালভাবে চলছে। ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক এক বিজ্ঞপ্তিতে রেজিস্ট্রার্ড ভেটেরিনারিয়ান বাদে অন্য কেউ গবাদী প্রানি ও পাখি চিকিৎসা করতে পারবেনা এই মর্মে সার্কুলার জারী হয়, বিষয়টি উপজেলা পরিষদের সহযোগীতায় সমস্ত উপজেলায় বিজ্ঞপ্তি জারী করার জন্য প্রানিসম্পদ দপ্তর প্রয়োজীয় উদ্যোগ নিবেন বলে জানান।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় রেজিস্ট্রার্ড ভেটেরিনারিয়ান বাদে অন্য কেউ গবাদী প্রানি ও পাখি চিকিৎসা করতে পারবেননা। এ বিষয়ে সমস্ত উপজেলায় বিজ্ঞপ্তি জারী করার জন্য প্রানিসম্পদ দপ্তরকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা
১৬	**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাঃ** তিনি জানান তার দপ্তরের কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে, বন্যার পানির কারণে এখনও পাঠদান বন্ধ হয়নি। বন্যায় ক্ষতিগ্রস্ত তালিকা পরবর্তীতে জানানো হবে। আগামী ২৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখ হতে প্রতিষ্ঠান পর্যায়ে গ্রীস্মকালীন খেলাধুলা শুরু হবে। বর্তমানে অর্ধবার্ষিকী পরীক্ষা চলছে। এইচ এস সি/আলীম পরীক্ষার ফল প্রকাশ আগামী ২৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখ। গত অর্থ বছরে আই সি টি প্রশিক্ষন প্রদান করা হয়েছে ৫৭৬ জন কে।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা অতিসত্তর প্রস্তুত করে দাখিলসহ গ্রীস্মকালীন খেলাধুলার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
১৭	**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাঃ** তিনি জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে ভাবে চলছে। পরিবার পরিকল্পনা একটি সামাজিক আন্দোলন। এই কার্যক্রম ত্বরান্বিত করতে উদ্বুদ্ধকরণ ও কাউন্সিলিং এর বিকল্প নাই। কিন্তু এখানে পরিবার পরিকল্পনার নিজস্ব কার্যালয় না থাকায় সার্বিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায় উপজেলা পরিষদ সংলগ্ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের অধীন স্বাস্থ্য বিভাগের উপস্বাস্থ্য কেন্দ্রের স্থানে পরিবার পরিকল্পনা কার্যালয় এবং উপস্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবন নির্মান করা যেতে পারে।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদ সংলগ্ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের অধীন স্বাস্থ্য বিভাগের উপস্বাস্থ্য কেন্দ্রের স্থানে পরিবার পরিকল্পনা কার্যালয় এবং উপস্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবন নির্মানের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
১৮	**উপজেলা সমবায় কর্মকর্তা ঃ** তিনি জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে ভাবে চলছে। তিনি আরও জানান যে, আশ্রয়ণ/আবাসনপ্রকল্প ঋন আদায়ের ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয় ঋন আদায়ের ক্ষেত্রে সদয় হস্তক্ষেপ করলে আদায় অনেক পরিমান বেড়ে যাবে বলে তিনি মনে করেন।	এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। খেলাপী ঋণ দ্রুত আদায়ের জন্য ঋণ গ্রহীতাগনকে তাগিদ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা

১৯	**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ঃ** তিনি জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে ভাবে চলছে। তিনি আরও জানান যে, আগামী ১৮-২৪ জুলাই/২০১৭ জাতীয় মৎস্য সপ্তাহ উদ্‌যাপিত হবে। ১৯ জুলাই/২০১৭ তারিখে র‍্যালি ও উদ্বোধনী অনুষ্ঠান পালিত হবে। বর্তমান প্রজনন মৌসুমে যাতে ডিমওয়ালা এবং ছোট মাছ না ধরে এ বিষয়ে প্রচারের জন্য সভা, মাইকিং ও বাজার পরিদর্শন নিয়োমিত ভাবে চলছে। অতি শীঘ্রই নদীতে বর্ষা প্লাবিত এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা প্রয়োজন বলে তিনি মনে করেন।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আগামী ১৮-২৪ জুলাই/২০১৭ জাতয়ি মৎস্য সপ্তাহ উদ্‌যাপত ও ১৯ জুলাই/২০১৭ তারিখে র‍্যালি ও উদ্বোধনী অনুষ্ঠান আড়ম্বরপূর্ন ভাবে পালন করতে এবং ছোট মাছ না ধরার জন্য ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা
২০	**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ** তিনি জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। জুন/২০১৭ মাস পর্যন্ত অত্র উপজেলায় যুব উন্নয়ন অধিদপ্তর হতে ৩,১৮,৪৫,০০০/- (তিন কোটি আঠার লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা যুব ঋন বিতরন করা হয়েছে। উপকারভোগী যুব ও যুবনারীর সংখ্যা ৭৮৫ জন। যুব ঋন আদায়ের হার ৯৬%। ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪৪০ (চার শত চল্লিশ) জন যুব ও যুবনারী নির্ধারণ করা হয়েছে। বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষন শুরু করা হবে। ব্যায়োগ্যাস প্রকল্পের ক্ষেত্রে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য ১৬০ টি ব্যায়োগ্যাস প্লান্ট নির্মানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ২০১৭-২০১৮ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তির প্রকল্প দাখিলের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
২১	**উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ঃ** তিনি জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের মধ্যে ৯,৮৫,০০০/- টাকা ঋন বিতরণ করা হয়েছে। তন্মধ্যে ৩,৪৪,০০০/- টাক আদায় করা হয়েছে। বাকি ৩৩ জন সদস্যের মধ্যে ৩,২০,০০০/- টাকা ঋন বকেয়া রহিয়াছে। উক্ত টাকা আদায়ের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগীতা কামনা করেন।	এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। খেলাপী ঋন দ্রুত আদায়ের জন্য ঋন গ্রহিতাগনকে তাগিদ দেওয়ার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
২২	**উপজেলা বন কর্মকর্তা:** তিনি জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান বৃক্ষ রোপণের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।এজন্য তিনি সভাপতির কাছে সময় জানতে চান।	এ বিষয়ে সভায় আলোচন করা হয়। বন্যার পানি কমে গেলে বৃক্ষরোপণ করা হবে বলে সিদ্ধান্ত হয়।	উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া
২৩	বিবিধ ঃ উল্লাপাড়া উপজেলা পরিষদের সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটের, পংকজ কুমার সরকার ০২(দুই) টি অগ্রিম ইনক্রিমেন্ট (টাইপ ইনক্রিমেন্ট) পাওয়ার জন্য গত ০৬/০৭/২০১৭ ইং তারিখে আবেদন করেছেন। তিনি আরো জানান যে, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং- MF-FD (Imp)-3-R(G)-16-83(Pt.I)/161, 14-09-1986, ও স্মারক নং MF-FD (Imp)-3-R(G)-9-86-180, 12-11-1986, তে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটার পদের জন্য ০২(দুটি) অগ্রিম ইনক্রিমেন্ট (টাইপ ইনক্রিমেন্ট) পরীক্ষা গ্রহন পূর্বক দেওয়ার নির্দেশনা রয়েছে। উপস্থাপিত বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে যেহেতু মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। সেহেতু ০২ (দুটি) অগ্রিম ইনক্রিমেন্ট (টাইপ ইনক্রিমেন্ট) প্রদানের বিষয়ে আবেদনকারীর পরীক্ষা গ্রণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো। ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে পদবী ০১ | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া, সিরাজগঞ্জ | আহবায়ক ০২ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। | সদস্য	এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। উল্লাপাড়া উপজেলা পরিষদের সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটের, পংকজ কুমার সরকার এর ০২ (দুই)টি বিশেষ ইনক্রিমেন্ট প্রদানের বিষয়ে পরীক্ষা গ্রহণ কমিটি গঠনের সিদ্ধান্ত সভায় গৃহিত হয়।	উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া

০৩	উপজেলা সমবায় অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	সদস্য	
০৪	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	সদস্য	
০৫	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	সদস্য	

	সভায় উপজেলা নির্বাহী অফিসার ঃ তিনি বলেন বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগন ইতোমধ্যে সকলেই সভায় মতামত প্রদান করেছেন। তিনিও মাঝেমধ্যে বক্তব্য উপস্থাপন করেছেন। তিনি আরও বলেন যে, সম্প্রতি শারীরিক অসুস্থতা জনিত কারণে এ উপজেলার পুর্নিমাগাতী ইউপি চেয়ারম্যানের মৃত্যুতে শোক প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট ইউনিয়নে তার আত্মার শান্তি কামনায় মিলাদ মাহফিলের আয়োজন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। উপজেলা সরকারি হাসপাতালে ডাক্তারের স্বল্পতার বিষয়ে আলোচনা করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানান।		
২৪	**মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ ঃ** উল্লাপাড়া শহরের মধ্যে উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য .৪০ শতক জমি প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে জায়গা নির্ধারণের প্রস্তাব আহবান করেন। তিনি বলেন, বড়হর ইউপি চেয়ারম্যান জনাব মোঃ জহুরুল ইসলাম চৌধুরী ইউনিয়ন পরিষদের দায়িত্বকাল শেষ হচ্ছে। উল্লাপাড়া উপজেলা পরিষদের শেষ সভা হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ থেকে তার দীর্ঘায়ু ও সুস্বস্থ্য কামনা করে তাকে বিদায় জানান। পরিশেষে পূর্ণিমাগাতী ইউনিয়ন পরিষদের নির্বাচিত ইউপি চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব খলিলুর রহমান সম্প্রতি মৃত্যু বরন করায় তার বিদেহী আত্তার মাগফেরাত কামনাসহ শোকাহত পরিবারকে সমবেদনা জানান।	এ বিষয়ে সভায় আলোচনার পর নিম্নেউল্লিখিত **দুটি প্রস্তাব** সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (১) উল্লাপাড়া শহরের কেন্দ্র স্থলে অবস্থিত উপজেলা পরিষদের অভ্যন্তরে ঝিকিরা মৌজার ০৯ নং খতিয়ানের আর এস ৮২৬ নং দাগে ০.৩১৩৭ একর ভূমিতে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের জন্য সকলে একমত পোষন করেন। (২) বাখুয়া মৌজার আর এস খতিয়ান নং ২১৬৬ এর আর এস দাগ নং ৪২৪০ সহ বিভিন্ন দাগে সর্বমোট .২৪ একর জমিতে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র করা যেতে পারে মর্মে সবাই অভিমত ব্যক্ত করেন।	

জুলাই ~~আগষ্ট~~-২০১৭ মাসের ১৩-০৭-১৭ ~~১০-০৮-২০১৭~~ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত সদস্যের তালিকা।

পরিশিষ্ট-"ক"

ক্রমিক	সদস্যের নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব তানভীর ইমাম	মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬৫ সিরাজগঞ্জ-৪	স্বাক্ষরিত
০২	জনাব এ্যাড. মারুফ বিন-হাবিব	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ আব্দুল সালেক	চেয়ারম্যান, সদর ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
০৪	জনাব মোঃ মতিয়ার রহমান সরকার	চেয়ারম্যান, সলংগা ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ হেলাল উদ্দিন	চেয়ারম্যান, কয়ড়া ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ হুমায়ুন কবীর লিটন	চেয়ারম্যান বড়পাঙ্গাসী ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ সোহেল রানা	চেয়ারম্যার বাঙ্গালা ইউপি উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
০৮	জনাব মোঃ আফছার আলী	চেয়ারম্যান, দুর্গানগর ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
০৯	জনাব মোঃ জহুরুল ইসলাম চৌঃ	চেয়ারম্যান, বড়হর ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১০	জনাব মোঃ ফিরোজ উদ্দিন	চেয়ারম্যান, পঞ্চক্রোশী ইউপি, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত

অনুপস্থিত সদস্যদের তালিকা

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবী
০১	এস এম নজরুল ইসলাম	মেয়র, উল্লাপাড়া পৌরসভা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
০২	জনাব মোঃ শাহজাহান আলী	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
০৩	জনাবা মোছাঃ মনিজা মোমেন	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
০৪	জনাব মোঃ হেদায়েতুল ইসলাম	চেয়ারম্যান, হাটিকুমরুল ইউ/পি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
০৫	জনাব মোঃ রফিকুল ইসলাম হিরো	চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি,উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
	জনাব মোঃ আব্দুল জলিল প্রামানিক	চেয়ারম্যান, উধুনিয়া ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
	মোঃ আরিফ মাহমুদ	চেয়ারম্যান, ভারপ্রাপ্ত, মোহনপুর ইউ/পি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ

পরিশিষ্ট-"খ"

ক্রমিক	সদস্যের নাম	পদবী	স্বাক্ষরিত
১	জনাব সন্দ্বীপ কুমার সরকার	উপজেলা নির্বাহি অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
২	ডাঃ মোঃ জাফরুল হোসেন	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
৩	জনাব খন্দকার আরিফুজ্জামান	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ মোতালিব	উপজেলা সমাজ সেবা অধিদপ্তর, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ শফিকুল ইসলাম	উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ ইউসুফ আলী	উপ-সহকারী প্রেকৌশলী,জনস্বাস্থ্য বিভাগ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
৭	জনাব মোঃ মারুফ হোসেন	উপজেলা সমবায় অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
৮	জনাব মোঃ ছাইফুদ্দিন ইয়াহিয়া	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
৯	জনাব মোঃ আমিনুল ইসলাম সরকার	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১০	জনাব মোঃ তারিকুল ইসলাম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
১১	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান	উপজেলা সহকারী প্রোগ্রামার	স্বাক্ষরিত
১২	জনাব রেবেকা সুলতানা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১৩	জনাব মুরশীদ জাহান	উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	স্বাক্ষরিত
১৪	জনাব বিনয় কুমার	উপজেলা শিক্ষা অফিসার (দায়িত্বপ্রাপ্ত), উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১৫	ডাঃ মোঃ হেলাল উদ্দিন খান	উপজেলা লাইফ স্টক অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১৬	এম জি মাহমুদ ইজদানী	উপজেলা শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১৭	জনাব মোঃ মনিরুল ইসলাম	উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১৮	জনাব মোঃ শফিকুল ইসলাম.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত
১৯	জনাব মোঃ ক্ষিজির হোসেন প্রামানিক	উপজেলা কৃষি অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	স্বাক্ষরিত

অনুপস্থিত সদস্যদের তালিকা

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবী
০১	জনাব মোঃ রফিকুল ইসলাম	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।